

মাদারীপুর জেলা খেলাধুলার জন্য একটি ঐতিহ্যবাহী জেলা। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধকে সংগঠিত করার জন্য স্বাধীন বাংলা ফুটবল দলের কৃতি খেলোয়াড় জনাব মজিবর রহমান হাওলাদার এই জেলার সম্মান। বাংলাদেশের “টেনিস কন্যা” নামে খ্যাত “বৈশাখী” বাব বার জাতীয় টেনিস প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে। মহিলা হ্যান্ডবলে কয়েকবার আঞ্চলিক ও বিভাগীয় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জনকারী মাদারীপুর জেলা। সর্বোপরি মাদারীপুরের সম্মান সিদ্ধিক ২০০০ সালে ভারতের মুর্শি দাবাদে অনুষ্ঠিত দূরপাল্লার সঁতারে প্রথম স্থান অধিকার করেছে। এছাড়াও ১৯৯২ সালে একই সঁতার জাতীয় যুব সঁতারে ৪টি জাতীয় নতুন রেকর্ড সহমোট ৭ টি স্বর্ণ পদক লাভ করেন।

\* উল্লেখযোগ্য খেলার নাম ও বিবরণ: ফুটবল, মহিলা ফুটবল, ক্রিকেট, হ্যান্ডবল (পুরুষ ও মহিলা), ব্যাডমিন্টন, ভলিবল, কাবাডি, এ্যাথলেটিকস্, টেনিস, টেবিল টেনিস, দাব, সঁতার সহ স্থানীয় হাডুডু।

\* খেলাধুলার স্থান : জেলা সদরের স্টেডিয়াম, সরকারী নাজিমউদ্দিন বিশ্ববিদ্যালয় কলেজ মাঠ, চরমুগরিয়া কলেজ ও চরমুগরিয়া মার্চেন্ট উচ্চবিদ্যালয় মাঠ, কুলপদ্দি মডেল ক্লাব মাঠ, পুলিশ লাইনস মাঠ, এছাড়াও সদর ব্যতীত অন্য ৩ টি উপজেলায় শিক্ষা প্রতিষ্ঠান সংলগ্ন বেশ কয়েকটি খেলা উপযোগী মাঠ আছে।

\* বাৎসরিক যে সকল খেলা অনুষ্ঠিত হয়:

ফুটবল-কিশোর, জেলা প্রশাসক টুর্নামেন্ট ফুটবল লীগ।

ক্রিকেট- অনূর্ধ্ব ১৪, ১৬, ১৮ ক্রিকেট, ২০-২০ ক্রিকেট।

হ্যান্ডবল পুরুষ ও মহিলা, ব্যাডমিন্টন টুর্নামেন্ট কিশোর মহিলা ও পুরুষ। ভলিবল পুরুষ ও মহিলা, এ্যাথলেটিকস্, বয়স ভিত্তিক সঁতার, টেনিস, টেবিল টেনিস, দাব।

\* ফুটবল, ক্রিকেট, ব্যাডমিন্টন, এ্যাথলেটিকস্, ভলিবল, সঁতার, হাডুডু, স্বাধীনতার পূর্ব থেকেই এ অঞ্চলে প্রচলিত ছিল। স্বাধীনতার টেনিস ও হ্যান্ডবল খেলা প্রচলন হয়েছে।